গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের কার্যালয়
লালমনিরহাট।

স্মারক নং-সিজেএম(লালঃ)/২০২৪-৪৮৭; তারিখ ঃ ২৬ অগ্রহায়ন ১৪৩১ বঙ্গাব্দ / ১১ ডিসেম্বর ২০২৪খ্রিঃ।

# সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

গত ০৫ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ তারিখে দৈনিক করতোয়া পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে অপ্রনিধানবশতঃ কিছু তথ্যবিভ্রাট পরিলক্ষিত হওয়ায় গত ০৯ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ তারিখে একই পত্রিকায় সংশোধনী বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এতদস্বত্বেও আরো কিছু ত্রুটি পরিলক্ষিত হওয়ায় সকল বিভ্রান্তি দূর করণের লক্ষ্যে এই সংশোধিত পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করা হলো।

লালমনিরহাট জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীর নিম্নবর্ণিত শুন্য পদসমূহ সরাসরি নিয়োগের (অস্থায়ী ভিত্তিতে) মাধ্যমে পূরণের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্বাক্ষরিত দরখাস্ত আহবান করা হলো।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০১ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেনি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি। সাঁটলিপিতে ন্যূনতম গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ প্রতি মিনিটে এবং টাইপে ন্যূনতম গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ প্রতি মিনিটে। কম্পিউটার পারদর্শী ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০২ | লাইব্রেরী সহকারী | ১১,০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০১ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেনি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা প্রাপ্ত হতে হবে। কম্পিউটার পারদর্শী ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৩ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০৩ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেনি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি। সাঁটলিপিতে ন্যূনতম গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ প্রতি মিনিটে এবং টাইপে ন্যূনতম গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ প্রতি মিনিটে। কম্পিউটার পারদর্শী ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৪ | সহকারী রেকর্ড কীপার | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০১ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার পারদর্শী ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৫ | ষ্টোর কীপার | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০১ টি | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার পারদর্শী ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৬ | টাইপিস্ট/কপিস্ট | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০১ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। টাইপে ন্যূনতম গতি বাংলায় ও ইংরেজি যথাক্রমে ৩০ ও ৩৫ শব্দ প্রতি মিনিটে। কম্পিউটার পারদর্শী ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৭ | ক্যাশ সরকার | ৯০০০-২১৮০০/- (গ্রেড-১৭) | ০১ টি | কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ০৮ | প্রসেস সার্ভার | ৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯) | ০৪ টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৯ | অফিস সহায়ক | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০৯ টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০ | ফরাস (পরিচ্ছন্নতা কর্মী) | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০১ টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১ | নৈশ প্রহরী | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০২ টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২ | মালী | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০১ টি | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (৮ম শ্রেনি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

## শর্তাবলী

০১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে বর্ণিত তথ্যাদি পূরণপূর্বক স্বহস্তে স্বাক্ষর করে আবেদন করতে হবে।
০২। আবেদনপত্র আগামী ২৯/১২/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে এই কার্যালয়ে ডাকযোগে পৌছাতে হবে। এছাড়াও অফিস চলাকালীন সময়ে সরাসরি আবেদনপত্র দাখিল করা যাবে।
০৩। প্রার্থীর বয়স ০৪/১২/২০২৪ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে।
০৪। দরখাস্ত "সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, লালমনিরহাট" বরাবর করতে হবে।
০৫। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ
(ক) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদের অনুলিপি।
(খ) সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫ সেঃমিঃx৫সেঃমিঃ আকারের সত্যায়িত রঙ্গিন ছবি।
(গ) চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ছকে বর্ণিত ০১-০৬ নং ক্রমিকের পদে আবেদনকারীর অফেরৎযোগ্য ২০০/- (দুইশত) টাকা এবং ০৭-১২ নং ক্রমিকের বর্ণিত পদে আবেদনকারীর অফেরৎযোগ্য ১০০/- (একশত) টাকা বাংলাদেশ/সোনালী ব্যাংক-এ ট্রেজারী চালানের মাধ্যমে ১-২১০৮-০০০০-২০৩১ নং কোডে অথবা ১২১০৩০২১০৪৪৮৬ নং অফিস কোড এবং ১৪২২৩২৬ নং পরীক্ষার ফি কোডে জমা প্রদান করে চালানের মূলকপি।
(ঘ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র প্রেরণের স্বার্থে আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ঠিকানা লিখিত ২০ (বিশ) টাকার ডাকটিকেট লাগানো ৯.৫"x৪.৫" সাইজের ফেরত খাম।
(ঙ) সংশ্লিষ্ট কোটার অধিকারী মর্মে প্রমাণ পত্রের ফটোকপি।
০৬। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত তারিখে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
০৭। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল সনদ ও কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
০৮। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
০৯। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে। কোটা দাবীকারী প্রার্থীকে খামের উপর কোন কোটায় আবেদন করা হয়েছে তা সু-নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।
১০। আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১১। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম ও বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।
১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন, বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৩। তথ্য গোপন করে বা ভূল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে, সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৪। ইতিমধ্যে যারা আবেদন দাখিল/প্রেরণ করেছেন তাদের আর নতুন করে আবেদন করার আবশ্যকতা নাই।
১৫। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ও ফলাফল lalmonirhat.judiciary.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

১১/১২/২০২৪
সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।

Scanned with CamScanner